ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৮৯

ধর্মনগর,৭ মে,২০২৫

## কদমতলায় ৩,০৫৭ জন কৃষককে আর্থিক সহায়তা

উত্তর ত্রিপুরা জেলার কদমতলা কৃষি মহকুমা কার্যালয় থেকে ৩ হাজার ৫৭ জন ক্ষতিগ্রস্ত কৃষককে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। ২০২৪ সালের আগস্ট মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত এই কৃষকদের এই সহায়তা দেওয়া হয়। ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফান্ড থেকে মোট ৭৪ লক্ষ ৪৭ হাজার ৭৪৫ টাকা ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফারের মাধ্যমে কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে দেওয়া হয়েছে। এরমধ্যে কদমতলা ব্লক এলাকায় ধানের জমি ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য সহায়তা পেয়েছেন ১ হাজার ৪৯০ জন, কালাছড়া ব্লকে সহায়তা পেয়েছেন ১ হাজার ১৯৫ জন। সব্জি চাষের জমি ক্ষতিগ্রস্ত হওয়ায় কদমতলা ব্লকে সহায়তা পেয়েছেন ১৪৩ জন কৃষক, কালাছড়া ব্লকে ১৫৮ জন, ধর্মনগর পুরপরিষদ এলাকায় ৫০ জন। ধানের জমিতে বালি ও পলি জমে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে কদমতলা ব্লকে সহায়তা পেয়েছেন ২১ জন। কদমতলা কৃষি মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****